গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
থানা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
ধানমন্ডি, ঢাকা।
অফিস গবর্নমেন্ট ল্যাবরেটরি হাই স্কুল, ঢাকা (নতুন ভবন-নিচতলা, কক্ষ নং-১০৭)
ই-মেইলঃ tseo.dhanmondi@gmail.com

স্মারক নং- থামাশিঅ/ধানমন্ডি/ঢাকা/২০২২/৪৩ তারিখঃ ২২/০২/২০২২ খ্রিঃ

**বিষয়ঃ মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষ্যে প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠানে কর্মসূচী গ্রহণ সংক্রান্ত**

সূত্রঃ স্মারক নং- ৩৭.০২.২৬০০.০০০.৩৮.০০১.২১.২৩৩ তারিখঃ ২০/০২/২০২২ খ্রিঃ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

০১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
০২. জেলা প্রশাসক , ঢাকা।
০৩. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, আঞ্চলিক কার্যালয়, ঢাকা।
০৪. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
০৫. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা আইসিটি)/সার্বিক,ঢাকা।
০৬. জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
০৭. অধ্যক্ষ/প্রধান শিক্ষক ..................কলেজ/স্কুল এন্ড কলেজ/স্কুল, ( সংযুক্ত পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো)।
০৮. অফিস কপি।

২২.০২.২০২২
**(আবদুল কাহ্হার)**
থানা মাধ্যমিক শিক্ষা অফিসার
ধানমন্ডি, ঢাকা।

## প্রাথমিক, মাধ্যমিক, কলেজ ও বিশ্ববিদ্যালয় স্তরের শিক্ষার্থীদের সম্পৃক্ত করে প্রতিযোগিতার জন্য নির্বাচিত ছড়া, কবিতা ও গানের তালিকা

**প্রাথমিক স্তরের ছড়া/কবিতা**

| ক্রমিক নং | ছড়া/কবিতার শিরোনাম | কবির নাম | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | বাপের বেটা | সুকুমার বড়ুয়া | সংযুক্তি- ১ |
| ০২ | অমর নাম | শামসুর রাহমান | সংযুক্তি- ২ |
| ০৩ | বঙ্গবন্ধুঃ জাতির পিতা | লুৎফর রহমান রিটন | সংযুক্তি- ৩ |

**প্রাথমিক স্তরের সংগীত**

| ক্রমিক নং | গানের শিরোনাম | গীতিকার/সুরকারের নাম | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | জয় বাংলা বাংলার জয় | কথা- গাজী মাজহারুল আনোয়ার<br>সুর- আনোয়ার পারভেজ | সংযুক্তি- ১ |
| ০২ | মুজিব বাইয়া যাও রে | কথা- মোঃ শাহ বাঙালি<br>সুর- আব্দুল জব্বার | সংযুক্তি- ২ |

**মাধ্যমিক স্তরের কবিতা**

| ক্রমিক নং | কবিতার শিরোনাম | কবির নাম | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | স্বাধীনতা তুমি | শামসুর রাহমান | সংযুক্তি- ১ |
| ০২ | আমি আজ কারো রক্ত চাইতে আসিনি | নির্মলেন্দু গুণ | সংযুক্তি- ২ |
| ০৩ | টুঙ্গিপাড়ার খোকাবাবু | মুহম্মদ নূরুল হুদা | সংযুক্তি- ৩ |

**মাধ্যমিক স্তরের সংগীত**

| ক্রমিক নং | গানের শিরোনাম | গীতিকার/সুরকারের নাম | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | যদি রাত পোহালে শোনা যেত | কথা- হাসান মতিউর রহমান<br>সুর- মলয় কুমার গাঙ্গুলী | সংযুক্তি- ১ |
| ০২ | শোন একটি মুজিবরের থেকে | কথা- গৌরী প্রসন্ন মজুমদার<br>সুর- আংশুমান রায় | সংযুক্তি- ২ |
| ০২ | বাংলার হিন্দু বাংলার বৌদ্ধ | কথা- গৌরী প্রসন্ন মজুমদার<br>সুর- শ্যামল গুপ্ত | সংযুক্তি- ৩ |

**কলেজ/বিশ্ববিদ্যালয় স্তরের কবিতা**

| ক্রমিক নং | কবিতার শিরোনাম | কবির নাম | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | স্বাধীনতা, এই শব্দটি কিভাবে আমাদের হলো | নির্মলেন্দু গুণ | সংযুক্তি- ১ |
| ০২ | যার মাথায় ইতিহাসের জ্যোতির বলয় | শামসুর রাহমান | সংযুক্তি- ২ |
| ০৩ | আমার পরিচয় | সৈয়দ শামসুল হক | সংযুক্তি- ৩ |

**কলেজ/বিশ্ববিদ্যালয় স্তরের সংগীত**

| ক্রমিক নং | গানের শিরোনাম | গীতিকার/সুরকারের নাম | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | তুমি বাংলার ধ্রুবতারা | কথা- কামাল চৌধুরী<br>সুর- নকিব খান | সংযুক্তি- ১ |
| ০২ | বঙ্গবন্ধু ফিরে এলে তোমার স্বপ্নের স্বাধীন বাংলায় | কথা- মোঃ আবিদুর রহমান<br>সুর- সুধীন দাশ গুপ্ত | সংযুক্তি- ২ |

28/2/22
আ.ক.ম মোজাম্মেল হক এম.পি
মন্ত্রী
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

28.02.2022
ডা. মুঃ আসাদুজ্জামান
উপসচিব
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

28/2/2022
ডাঃ দুলাল কৃষ্ণ রায়
যুগ্মসচিব
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
পরিবহন পুলভবন , সচিবালয় সংযোগ সড়ক,
ঢাকা-১০০০।
সুবর্ণজয়ন্তী সেল
www.molwa.gov.bd

স্মারক নম্বর: ৪৮.০০.০০০০.০০০.৩৫.০০১.২২.২৭৪ তারিখ: ৩ ফাল্গুন ১৪২৮
১৬ ফেব্রুয়ারি ২০২২

বিষয়: **মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষ্যে প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠানে কর্মসূচী গ্রহণ সংক্রান্ত।**

বাঙ্গালী জাতির সর্বশ্রেষ্ট অর্জন মহান স্বাধীনতা। এ জাতির জাতিসত্তা রক্ষা, আর্থ-সামাজিক সাংস্কৃতিক ও রাজনৈতিক অস্তিত্ব পুনরুদ্ধারে এ দেশের আপামর জনসাধারন ১৯৭১ সালের অগ্নিঝরা মার্চে মহান মুক্তিযুদ্ধ শুরু করে। ত্রিশ লক্ষ শহীদের রক্ত, দুই লক্ষ নারীর সম্ভ্রম এবং অগনিত মানুষের চরম আত্মত্যাগের মাধ্যমে অর্জিত হয় আমাদের স্বাধীনতা। স্বাধীনতার ৫০ বছর পুর্তিতে জাতীয়ভাবে সাড়ম্বরে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন করা হচ্ছে।

০২। স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপনের নিমিত্ত এ বিষয়ে গঠিত মন্ত্রিসভা কমিটি কর্তৃক গৃহিত ৫০টি কর্মসূচী মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক সানুগ্রহ অনুমোদিত হয়েছে। ৫০টি কর্মসূচীর মধ্যে ৪৪ নং কর্মসূচি অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠান ভিত্তিক নিম্নরূপ কর্মসূচী গ্রহণ করতে হবে।

ক. প্রাথমিক, মাধ্যমিক, কলেজ ও বিশ্ববিদ্যালয়ে এই চারটি স্তরে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে নিম্ন সময়সূচী অনুযায়ী সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমানের (জীবনী ভিত্তিক) উপর ছড়া/কবিতা, সংগীত ও রচনা প্রতিযোগিতা, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করতে হবে:

| | | | |
|---|---|---|---|
| (ক) | **প্রাথমিক স্তর** | সকল সরকারী/বেসরকারী প্রাথমিক বিদ্যালয়, কিন্ডারগার্টেন, এবতেদায়ী মাদ্রাসা | ০৮ মার্চ, ২০২২ খ্রি: |
| (খ) | **মাধ্যমিক স্তর** | সরকারী ও বেসরকারী মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসা এবং কারিগরি বিদ্যালয় (ভোকেশনাল) | ১০ মার্চ ২০২২ খ্রি: |
| (গ) | **কলেজ স্তর** | সকল সরকারী ও বেসরকারী কলেজ, মাদ্রাসা | ১২ মার্চ, ২০২২ খ্রি: |
| (ঘ) | **বিশ্ববিদ্যালয় স্তর** | সকল পাবলিক ও বেসরকারী বিশ্ববিদ্যালয় | ১৪ মার্চ, ২০২২ খ্রি: |

খ. স্ব স্ব প্রতিষ্ঠানের (প্রাথমিক/মাধ্যমিক/কলেজ/বিশ্ববিদ্যালয়) ব্যবস্থাপনা কমিটি কর্তৃক সকল ছাত্র-ছাত্রীকে সম্পৃক্ত করে নির্বাচিত ছড়া/কবিতা, সংগীত ও রচনা বিষয়ে অভ্যন্তরীণ প্রতিযোগিতা নির্ধারিত তারিখের পূর্বেই সম্পন্ন করে রাখতে হবে।

গ. **চূড়ান্ত প্রতিযোগিতা আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানে** স্ব-স্ব প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটির সদস্যগণ, স্থানীয় বীর মুক্তিযোদ্ধাগণ, সামাজিক সংগঠনের নেতৃবৃন্দ, স্থানীয় গণ্যমান্য ব্যক্তি, শিক্ষানুরাগী ও ছাত্র-ছাত্রীদের অভিভাবককে সম্পৃক্ত করে অনুষ্ঠানের আয়োজন করতে হবে।

ঘ. অনুষ্ঠানে স্থানীয় বীর মুক্তিযোদ্ধাগন কর্তৃক যুদ্ধকালীন বীরত্বগাঁথা বিষয়ক স্মৃতিচারণ করার বিষয়টি আবশ্যিকভাবে রাখতে হবে।

ঙ. স্ব-স্ব প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করতে হবে।

চ. নির্ধারিত ছড়া/কবিতা, জাতীয় সংগীত বিষয়ের প্রতিযোগিতা আবশ্যিকভাবে করতে হবে। আবশ্যিক বিষয়ের পাশাপাশি মুক্তিযুদ্ধ ও বঙ্গাবন্ধু সংশ্লিষ্ট অন্যান্য কবিতা/সংগীত/আলোচনা সভা/ স্মৃতিচারণ প্রতিযোগিতা অনুষ্ঠানে সম্পৃক্ত করা যেতে পারে।

ছ. **আবশ্যিক বিষয়:**

i. প্রাথমিক স্তরের নির্ধারিত ছড়া: ...........................................

ii. প্রাথমিক স্তরের নির্ধারিত সংগীত: ..........................................
iii. মাধ্যমিক স্তরের নির্ধারিত কবিতা: ..........................................
iv. মাধ্যমিক স্তরের নির্ধারিত সংগীত: ..........................................
v. কলেজ ও বিশ্ববিদ্যালয় স্তরের কবিতা: .......................................
vi. কলেজ ও বিশ্ববিদ্যালয় স্তরের সংগীত: .......................................

জ. বাস্তবায়নের জন্য উপজেলা নির্বাহী অফিসারের সভাপতিত্বে নিম্নবর্ণিত কমিটি গঠন করা হলো:

(ক) উপজেলা নির্বাহী কর্মকর্তা- সভাপতি
(খ) উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডের প্রতিনিধি (বীর মুক্তিযোদ্ধা)- সদস্য
(গ) উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত প্রতিনিধি (স্থানীয় গণ্যমান্য ব্যক্তি)- সদস্য
(ঘ) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার – সদস্য
(ঙ) উপজেলা শিক্ষা অফিসার – সদস্য-সচিব

কমিটির কার্যপরিধিঃ


(ক) সংশ্লিষ্ট উপজেলার শিক্ষা প্রতিষ্ঠানে প্রতিযোগিতা ও অনুষ্ঠান বাস্তবায়ন ও তত্ত্বাবধান করা;
(খ) কমিটি প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করতে পারবে।

ঝ. পিপিএ- ২০০৬ এবং পিপিআর- ২০০৮ অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।
ঞ. কোভিড-১৯ সম্পর্কিত সর্বশেষ সরকারি নির্দেশনা ও যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ করে কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।
ট. অনুষ্ঠান সম্পন্নের পর সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় বরাবরে বাস্তবায়ন প্রতিবেদন দাখিল করতে হবে।

০৩। প্রযোজ্য ক্ষেত্রে মহানগর এলাকায় অবস্থিত বিশ্ববিদ্যালয়ে কর্মসূচি গ্রহণের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণ কার্যক্রম গ্রহণ করবেন।

০৪। যথাযথ কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ পত্র জারী করা হলো।

সংযুক্তিঃ নির্ধারিত ছড়া/কবিতা/গান।



১৬-২-২০২২
মোঃ আশরাফুল আলম খান
উপসচিব

বিতরণ :
১) জেলা প্রশাসক (সকল)
২) উপজেলা নির্বাহী অফিসার (সকল)

স্মারক নম্বর: ৪৮.০০.০০০০.০০০.৩৫.০০১.২২.২৭৪/১(১৬) তারিখ: ৩ ফাল্গুন ১৪২৮ / ১৬ ফেব্রুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ (কর্মসূচিটি বাস্তবায়নের জন্য মাঠ প্রশাসনের সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)
২) জনাব তপন কান্তি ঘোষ, সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয় ও সদস্য সচিব, স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি
৩) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (কর্মসূচিটি বাস্তবায়নে সহযোগিতা করার জন্য তাঁর নিয়ন্ত্রণাধীন মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)

৪) সচিব (রুটিন দায়িত্ব), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (কর্মসূচিটি বাস্তবায়নে সহযোগিতা করার জন্য তাঁর নিয়ন্ত্রণাধীন মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)

৫) সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (কর্মসূচিটি বাস্তবায়নে সহযোগিতা করার জন্য তাঁর নিয়ন্ত্রণাধীন মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)

৬) বিভাগীয় কমিশনার (সকল)

৭) মন্ত্রীর একান্ত সচিব (উপসচিব), মাননীয় মন্ত্রীর দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

৮) সচিবের একান্ত সচিব , সচিবের দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

৯) অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়



১৬-২-২০২২
মোঃ আশরাফুল আলম খান
উপসচিব